সংবাদ

029

তারিখ ... 16.2.85 ...
পৃষ্ঠা ... কলাম ... 7 ...

বই ॥ নিজস্ব জরিপ প্রতিবেদন—১

বই ক্রেতাদের মধ্যে ছাত্র সংখ্যাই বেশী

॥ মোনাজাত উদ্দিন ॥

বই কেনে কতোজনে? কোন্ ধরনের বই আজকাল বেশী বিক্রি হচ্ছে, আর কিনছে সেগুলো কোন্ শ্রেণীর পাঠক? এসব নানান প্রশ্ন সামনে রেখে চালানো হলো একটি সংক্ষিপ্ত নমুনা জরিপ: ১৩ই ফেব্রুয়ারী দুপুর থেকে রাত ৯টা অব্দি। জরিপের ক্ষেত্র বাংলা একাডেমী চত্বরের বই মেলা।

জরিপে দেখা যায়, সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে ছাত্র-ছাত্রীরাই বই কিনছে বেশী সংখ্যক। রাজনীতি বিষয়ক বই তারা সবচেয়ে বেশী কিনছে, এছাড়াও কিনছে কবিতা-প্রবন্ধের বই, গল্প-উপন্যাস, রম্যরচনা ও বিভিন্ন সাহিত্য বিষয়ক পত্র-পত্রিকা। মুক্তিযুদ্ধের ওপর লেখা বিভিন্ন বই কিনতেও তাদের উৎসাহ বেশী পরিলক্ষিত। বইমেলাতে ষ্টল খুলেছেন এমন একজন প্রকাশক জানালেন, বই কেনার ব্যাপারে ছাত্র-ছাত্রীদের মধ্যে এবারের মতো এতোটা উৎসাহ গতবারের মেলায় তো দেখিনি।

১৩ই ফেব্রুয়ারী বিকেল ৪টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত বই মেলায় "জাতীয় সাহিত্য প্রকাশনী"তে বিভিন্ন শ্রেণীর ৫৬ জন ক্রেতা ৬৩টি বই কেনেন। এদের মধ্যে বই কিনেছেন

(৩-এর পাতায় দেখুন)

শতকরা ২ ভাগ?

প্রকাশনী সংস্থা "সিনোরিনা"র একজন তরুণ কর্মকর্তা জানালেন, বই মেলাতে তাঁদের স্টলে প্রতি ১০০ জন পরিদর্শকের মধ্যে বই কিনছেন মাত্র ২ জন। অন্যরা বই উল্টে-পাল্টে দেখে যান, আবার কেউবা শুধুই চলে যান বইয়ের তাকে চোখ বুলিয়ে। প্রকাশনা কর্তা আরও জানালেন, তাঁর স্টল থেকে যারা বই কিনছেন, তাদের মধ্যে শতকরা ৭০ ভাগই বিশ্ববিদ্যালয় কিংবা কলেজের ছাত্র-ছাত্রী। বাকি ৩০ ভাগের মধ্যে ১৫ ভাগ ক্রেতা হলেন শিক্ষক বুদ্ধিজীবী কবি সাহিত্যিক শিল্পী সাংবাদিক, আর ১৫ ভাগ হলেন ব্যবসায়ী ও বিভিন্ন চাকরিজীবী।----- ক্রেতাদের মধ্যে পুরুষ ও মহিলার অনুপাত ৬০ : ৪০।

কোন ধরনের বইতে আগ্রহ বেশী? ১২ই ফেব্রুয়ারী এই

বই ॥ নিজস্ব জরিপ প্রতিবেদন—১

(১ম পাতার পর)

৩১ জন ছাত্রছাত্রী। এদের মধ্যে ছাত্রসংখ্যা ২১ ও ছাত্রী ১০। এরা বিদ্যালয় ও বিভিন্ন কলেজে পড়ছেন।

বাকি ২২ জন ক্রেতার মধ্যে রয়েছেন শিক্ষক ২ জন, ব্যাংকার ৩ জন, ইঞ্জিনীয়ার ২ জন, বেকার যুবক ২ জন, লিখিয়ে ২ জন, রাজনৈতিক নেতা ১ জন, ব্যবসায়ী ৩ জন সাংবাদিক ১জন ও বিভিন্ন চাকরিজীবী ৬ জন।

বিক্রীত বইয়ের ধরন

এই প্রকাশনীর ষ্টল থেকে যে ৬৩টি বই বিক্রি হয়েছে সেগুলো হলো: রাজনীতি বিষয়ক বই ২৬টি, ছোট গল্পের বই ৯টি, উপন্যাস ৮টি, কবিতার বই ৪টি, প্রবন্ধ সংকলন ৪টি, শিশুদের উপযোগী বই ৭টি, রম্য রচনা ১টি, সাহিত্য পত্রিকা ১টি ও অন্যান্য বই ৩টি। এখানকার পর্যবেক্ষণে দেখা যায়, ছাত্রদের মধ্যে রাজনীতি বিষয়ক বই ও ছাত্রীদের মধ্যে কবিতা গল্প উপন্যাস কেনার প্রবণতা বেশী।

অপর একটি ষ্টলে পর্যবেক্ষণ চালিয়ে তথ্য পাওয়া গেলো: ১৩ই ফেব্রুয়ারী বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত বিক্রীত বিভিন্ন ধরনের ৮০টি বই কিনেছেন ৬৮ জন। এদের মধ্যে বিশ্ববিদ্যালয় ও কলেজের ছাত্র-ছাত্রী ছিলেন ৪৪ জন।

বাকি ২৪ জন ক্রেতার মধ্যে শিক্ষক ৫ জন, চিত্রশিল্পী ১ জন, রাজনৈতিক দলের কর্মী ১ জন, ব্যবসায়ী ২ জন, ডাক্তার ১ জন, সংবাদপত্র সেবী ১ জন, গৃহিণী ৩ জন ও বিভিন্ন চাকরিজীবী ১০ জন।

উপরের ৪৪ জন ক্রেতার মধ্যে ছাত্রী ছিলেন ৪ জন।

আসা-যাওয়া

খ্রীক প্রকাশনীর ষ্টলে ১৩ই ফেব্রুয়ারী বিকেল ৫ টা থেকে রাত ৮টা পর্যন্ত আসেন ১৯৮ জন। এদের মধ্যে মহিলা ছিলেন ৩০ জন ও পুরুষ ১৬৮ জন। এদের মধ্যে মাত্র ১০ জন (পুরুষ) বিভিন্ন ধরনের বই কিনেছেন। এই প্রকাশনীর নিজস্ব প্রকাশিত ১২টি বিভিন্ন বই ছাড়াও এখানে কিছু কবিতা, গল্প, প্রবন্ধ ও গ্রামীণ অর্থনীতির ওপর লেখা বই রয়েছে। নিজস্ব প্রকাশিত ১২টি বইয়ের মধ্যে বাংলা বই ৮টি ও ইংরেজী ভাষায় লেখা বই ৪টি। প্রকাশনীটি চলতি বছর এ পর্যন্ত ৫টি নতুন বই প্রকাশ করেছে। গত বছর এরা প্রকাশ করেছিল বিভিন্ন ধরনের ৭টি বই।

এই প্রকাশনী থেকে যে ১০ জন বই কিনেছেন (জরিপকালীন সময়ে) তাদের মধ্যে ছিলেন ছাত্র ৬ জন, অন্যান্য ৪ জন।

প্রকাশনীর স্টল থেকে ১৭টি বই বিক্রি হয়েছে। এগুলোর মধ্যে ছিল ৫টি কবিতার বই, ৫টি ছড়া সংকলন, ৪টি সাহিত্য সংকলন, ১টি করে গল্প উপন্যাস প্রবন্ধের বই। এই স্টলে ১৩ই ফেব্রুয়ারী বিক্রি হয়েছে ১৪টি বই। এগুলোর মধ্যে ছিল কবিতার বই ৬টি, গল্প সংকলন ২টি, উপন্যাস ১টি ও বিভিন্ন সাহিত্য সংকলন ৫টি।

সিনোরিনার নিজস্ব প্রকাশিত বই রয়েছে ৬টি। এছাড়াও অন্যান্য সংস্থা প্রকাশিত ২৭টি বই স্টলে বিক্রির জন্যে রাখা হয়েছে।

রাজনীতি বিষয়ক

চলন্তিকা বইঘর ১১ই ফেব্রুয়ারী ১২০টি, ১২ই ফেব্রুয়ারী ৮০টি বই বিক্রি করেছে। বইগুলো কিনেছেন: ছাত্র-ছাত্রী শতকরা ৬০ ভাগ, শিক্ষক ও বুদ্ধিজীবী ২০ ভাগ, অন্যান্য পেশাজীবী ২০ ভাগ। এখানে রাজনীতি বিষয়ক বইয়ের বিক্রি হার বেশী। সংস্থাটি '৮৪ সালে ৭টি ও '৮৩ সালে ১৩টি রাজনীতি বিষয়ক বই প্রকাশ করেছে। চলতি বছর এখনও নতুন বই বেরোয়নি এই বিষয়ে।

আমরা ১৩ই ফেব্রুয়ারী বিকেলে বিক্রীত বিভিন্ন ধরনের ৩২টি বইয়ের ওপর পর্যবেক্ষণ রাখি। এগুলোর মধ্যে ছিল ২২টি-ই রাজনীতি বিষয়ক বই। এছাড়া ৪টি গল্প উপন্যাস, ৩টি নাটক ও ১টি করে কবিতা ছড়া সাহিত্য সংকলন বিক্রি হয়েছে।

(চলবে)

০ জরিপ সাহায্যকারী: মিনার মাহমুদ, সাংবাদিক। উত্তম কুমার দে ও বিমল মজুমদার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ফরিদ কবির, কবি ও সরদার নুরুল আনোয়ার, রেজা শামসুর রহমান।